# তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০১৪

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(কৃষি মন্ত্রণালয়)

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

# মুখবন্ধ

জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক। জনগণের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাবশ্যক। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা বিবেক ও বাক স্বাধীনতার একটি অবিচ্ছেদ্দ অংশ। জনগণের তথ্য অধিকার নিশ্চিত করতে হলে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করতে হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। তথ্য অধিকার আইন/২০০৯ এর বাস্তবায়নের অংশ হিসাবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। এ নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে অত্র দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আলোচনা করা হয়। এ নীতিমালা প্রণয়নে তথ্য অধিকার কমিশন ও বেসরকারী প্রতিষ্ঠান এম,আর,ডি,আই সংশ্লিষ্ট বিষয়ে সার্বিক পরামর্শ ও দিকনির্দেশনা দিয়ে সহযোগিতা করেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীন একটি সরকারী সেবামূলক প্রতিষ্ঠান। এ দপ্তরের মূল দায়িত্বই হচ্ছে সকল শ্রেনির কৃষকদের তাদের চাহিদাভিত্তিক ফলপ্রসূ ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান করা, যাতে তাদের সম্পদের সর্বোত্তম ব্যবহার করে টেকসইভাবে কৃষি ও আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখতে পারে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নতুন কৃষি সম্প্রসারণ নীতি (NAEP) এর আলোকে সম্প্রসারণ সেবা প্রদান করে থাকে। নীতির উপাদান গুলো হলোঃ

সকল শ্রেনির কৃষকের জন্য কৃষি সম্প্রসারণ সহায়তা দেয়া, কৃষকদের দক্ষ সম্প্রসারণ সেবা প্রদান, কৃষি বিষয়ক কর্মসূচি প্রণয়ন ও বিকেন্দ্রিকরণ, চাহিদাভিত্তিক কৃষি সম্প্রসারণ সেবা প্রদান, সকল শ্রেনির কৃষকদের সাথে কাজ করা, কৃষি গবেষণা ও কৃষি সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণ, সম্প্রসারণ কর্মীদের জন্য প্রশিক্ষণ, উপযুক্ত সম্প্রসারণ পদ্ধতির ব্যবহার, সমন্বিত সম্প্রসারণ কার্যক্রম, পরিবেশ সংরক্ষণে সমন্বিত সহায়তা প্রদান, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও এলাকা বিশেষে আবহাওয়া প্রতিকূলতা মোকাবেলায় লাগসই ও টেকসই প্রযুক্তি অনুসরণ, কৃষি বাণিজ্যিকীকরণ, ডিজিটালাইজড (ই-কৃষি) সম্প্রসারণ সেবা প্রদান, কৃষি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি গবেষণাগার হতে উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তি সমূহ চাষি পর্যায়ে হস্তান্তর করে থাকে। অঞ্চল, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কৃষি কর্মকর্তাগণ প্রযুক্তি হস্তান্তরসহ বিভিন্ন কৃষি উন্নয়ন মূলক কাজে নিয়োজিত রয়েছেন। তথ্য অধিকার আইন'২০০৯ সঠিকভাবে বাস্তবায়িত হলে সকল পর্যায়ে দাপ্তরিক কর্মসম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো বৃদ্ধি পাবে।

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কৃষির ভূমিকা অপরিসীম। খাদ্য নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ফলশ্রুতিতে দানা জাতীয় খাদ্যে স্বয়ং সম্পূর্ণতার দ্বারপ্রান্তে পৌঁছে গেছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সর্বস্তরে প্রশাসনিক ও আর্থিক কর্মকান্ডে স্বচ্ছতায় বিশ্বাসী। তথ্যাদির স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার আইন'২০০৯ সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের দাপ্তরিক কার্যক্রমে ও কর্মসম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বলিষ্ঠ ভূমিকা রাখবে।

(এ জেড এম মমতাজুল করিম)
মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

# তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় তথ্য অবমুক্তকরণ নীতিমালার বিষয়াবলী

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **১.তথ্য অবমুক্তকরণ নীতিমালার পটভূমি এবং প্রয়োজনীয়তা** | ১ |
| ১.১ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পটভূমি | ১-২ |
| ১.২ তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা/ উদ্দেশ্য | ২ |
| ১.৩ নীতির শিরোনাম | ২ |
| **২. আইনগত ভিত্তি** | ২ |
| ২.১ অনুমোদনকারী কর্তৃপক্ষ | ২ |
| ২.২ অনুমোদনের তারিখ | ২ |
| ২.৩ নীতি বাস্তবায়নের তারিখ | ২ |
| **৩. সংজ্ঞা** | ৩ |
| ৩.১ তথ্য | ৩ |
| ৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ৩ |
| ৩.৩ তথ্য প্রদান ইউনিট | ৩ |
| ৩.৪ আপিল কর্তৃপক্ষ | ৪ |
| ৩.৫ তৃতীয় পক্ষ | ৪ |
| **৪. তথ্যের শ্রেনি বিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি** | ৪ |
| ৪.১ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ এবং এর তালিকা | ৪ |
| ৪.২ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্যের তালিকা | ৪-৫ |
| ৪.৩ উপরোক্ত ৪.২ অনুচ্ছেদের অন্তর্ভূক্ত তথ্য ছাড়া স্বপ্রণোদিত তথ্যসহ অন্যান্য সকল তথ্য | ৫ |
| **৫. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি** | ৫ |
| ৫.১ অফিশিয়াল ওয়েব সাইট | ৫ |
| ৫.২ তথ্যের হালনাগাদকরণ | ৫ |
| ৫.৩ অন্যান্য পদ্ধতি | ৫ |
| **৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ** | ৫ |
| **৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি** | ৬ |
| **৮. তথ্য প্রদানের সাথে সংশ্লিষ্ট সহায়ক/ বিকল্প কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি** | ৬ |
| **৯. তথ্য প্রদানের পদ্ধতি** | ৬ |
| **১০. তথ্য প্রদানের সময়সীমা** | ৬ |
| **১১. তথ্যের এবং মূল্য পরিশোধের নিয়মাবলী** | ৬ |
| **১২. আপিল কর্তৃপক্ষ এবং আপিল পদ্ধতি** | ৬ |
| **১৩. তথ্য প্রদানে অবহেলার শাস্তির বিধান** | ৭ |
| **১৪. তথ্যাদি পরিদর্শনের সুযোগ** | ৭ |
| **১৫. জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি** | ৭ |
| **১৬. সংযুক্তি** সংযুক্তি-১: তথ্য প্রাপ্তির আবেদন পত্র | ৮ |
| সংযুক্তি-২: তথ্য সরবরাহের অপারগতার নোটিশ | ৯ |
| সংযুক্তি-৩: আপিল আবেদন | ১০ |
| সংযুক্তি-৪: তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি | ১১ |
| **১৭. পরিশিষ্ট-১:** স্বপ্রণোদিত তথ্যের তালিকা | ১২-১৩ |

## ১. তথ্য অবমুক্তকরণ নীতিমালার পটভূমি এবং প্রয়োজনীয়তা

### ১.১ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পটভূমি ঃ

সর্বপ্রথম কখন সম্প্রসারণ কার্যক্রম চালু হয় তা সঠিক ভাবে জানা যায়নি। তবে চীনা কর্মকর্তাগণ খ্রিঃপূর্ব ২০০০ বছর পূর্বে কৃষকদের কারিগরী জ্ঞান ও কৃষি বিষয়ে পরামর্শ প্রদান করা শুরু করেন। খ্রিঃপূর্ব ৮০০ সনে Zhou Dynasty Emperors এর মন্ত্রীগণ শস্য পর্যায় এবং পানি নিষ্কাশন পদ্ধতি সম্পর্কে কৃষকদের সংগঠিত করেন। মন্ত্রীগণ কৃষকদের কৃষি যন্ত্রপাতি সরবরাহ করেন, খাদ্যগুদাম নির্মান করে দেন ও দুর্ভিক্ষের সময় খাদ্যশস্য প্রদান করেন। ঊনিশ শতকে আয়ারল্যান্ডে আধুনিক সম্প্রসারণ সেবা চালু হয়। ১৮৪৫-৫১ সালে ছত্রাক (Fungus) দ্বারা আলু ফসল আক্রান্ত হলে আয়ারল্যান্ডে ব্যাপক দুর্ভিক্ষ দেখা দেয়। তখন বৃটিশ সরকারী কর্মকর্তাগণ গ্রামাঞ্চলের ক্ষুদ্র কৃষকদের আলু ফসলের পরিবর্তে অন্যান্য ফসল আবাদের পরামর্শ দিতে থাকেন। জার্মান সরকারও এব্যাপারে সচেতন হয়ে এ কার্যক্রম শুরু করে। উনিশ শতকের শেষ ভাগে ডেনমার্ক, নেদারল্যান্ড, ইটালী এবং ফ্রান্সে এই ধারনা ছড়িয়ে পড়ে।

১৮৬২-৬৫ সালে আমাদের দেশে (তৎকালীন ভারত) ব্যাপক দূর্ভিক্ষ দেখা দেয়, সরকার তখন ফেমিন কমিশন গঠন করেন। এই কমিশন সর্বপ্রথম সরকারকে কৃষি বিভাগ প্রতিষ্ঠার পরামর্শ দেন। ১৮৭০ সালে রাজস্ব খাত হিসেবে কৃষি বিভাগের সৃষ্টি হয় এবং পরবর্তীতে ১৯০৬ সালে স্বতন্ত্র কৃষি বিভাগ প্রতিষ্ঠিত হয়। একই সময়ে খামারবাড়ি, ফার্মগেট সংলগ্ন মনিপুরি পাড়ায় (বর্তমানে জাতীয় সংসদ ভবন এলাকায়) ১০০০ একর জমি নিয়ে "কৃষি খামার" স্থাপিত হয়। খামারটি কৃষি বিভাগের সঙ্গে সম্পৃক্ত করা হয়।

১৯০৯ সালে উক্ত খামারের কৃষি গবেষনার জন্য একটি গবেষনাগার প্রতিষ্ঠিত হয় এবং ১৯১৪ সালে সরকার প্রত্যেক জেলায় ১ জন করে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা নিয়োগ করেন। তখন কৃষি শিক্ষায় শিক্ষিত জনবল ছিল না। পরবর্তীতে ১৯৪৩ সালে সর্বপ্রথম বাংলাদেশ কৃষি কলেজ থেকে কৃষি শিক্ষায় শিক্ষিত জনবল নিয়োগ দেয়া শুরু হয় এবং তখন থেকেই বাস্তবিকভাবে কৃষি সম্প্রসারণের কাজ শুরু হয়।

১৯৫০ সালে তৎকালীন পূর্ব পাকিস্তান সরকার কৃষি ও শিল্প উন্নয়ন ( ভিএআইডি) প্রকল্পের মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা শুরু করেন। সরকার ১৯৫৬ সালে Plant Protection Wing, ১৯৬১ সালে BADC, ১৯৬২ সালে AIS, DAEM এবং ১৯৭০ সালে BARI প্রতিষ্ঠা করেন।

স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে কৃষি সম্প্রসারণ সার্ভিসকে শক্তিশালী করার লক্ষ্যে Cotton Development Board, Tobacco Development Board, Horticulture Board প্রতিষ্ঠা করা হয়। ১৯৭৫ সালে কৃষি পরিদপ্তর ( সম্প্রসারণ ও ব্যবস্থাপনা) এবং কৃষি পরিদপ্তর ( পাট উৎপাদন) নামে ফসলভিত্তিক স্বতন্ত্র প্রতিষ্ঠান সৃষ্টি করা হয়। কিন্তু একই কৃষকের জন্য বিভিন্নমুখী/রকম সম্প্রসারণবার্তা ও কর্মকান্ড মাঠ পর্যায়ে নেতিবাচক প্রভাবের ফলশ্রুতিতে ১৯৮২ সালে ফসল প্রযুক্তি সম্প্রসারণে নিয়োজিত Plant Protection Wing, Directorate of Agriculture (Extension & Management), Directorate of Agriculture (Jute Extension), Tobacco Development Board, Horticulture Board এবং CERDI এই ৬টি এজেন্সীকে একইভূত করে বর্তমান "কৃষি সম্প্রসারণ অধিদপ্তর" গঠন করা হয়। এই অধিদপ্তর ১৯৭৭ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত প্রবর্তিত " প্রশিক্ষণ ও পরিদর্শন (টিএন্ডভি) পদ্ধতির মাধ্যমে এবং ১৯৯০ সাল হতে অধ্যাবধি দলীয় সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে দেশের কৃষি ও কৃষককে অত্যন্ত সফলতা ও সুনামের সাথে সেবা প্রদান করছে। পরিকল্পিত ও অংশিদারিত্বমূলক সম্প্রসারণ সেবা প্রদানের জন্য ১৯৯৬ সালে নুতন কৃষি সম্প্রসারণ নীতি (এনএইপি) বাস্তবায়নের কাজ শুরু হয়। বর্তমানে ৮টি উইং এর সমন্বয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বিভাগীয় কার্যক্রম পরিচালনা করছে।

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভিশন**

ফসলের টেকসই উৎপাদন ।

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মিশন**

দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রিভূত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্প্রসারণ সেবা প্রদানের মাধ্যমে কৃষকদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ, যাতে টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিতকরণসহ দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হয়।

**১.২ তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা/ উদ্দেশ্য**

কৃষিই বাংলাদেশের অর্থনীতির মূল ভিত্তি। কৃষি ও কৃষককে আধুনিক করে তুলতে হলে চাই কৃষি বিজ্ঞানের চলমান শ্রোতধারায় কৃষককে সম্পৃক্ত রাখা। কৃষি উৎপাদন ব্যবস্থার আধুনিক ও লাগসই প্রযুক্তির উপর জ্ঞান দানের পাশাপাশি কৃষককে সর্বক্ষেত্রে তার অধিকার সম্পর্কে সচেতন করে তোলার লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করতে চায়। এ উদ্দেশ্য পূরণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জনসাধারণের তথ্যের অধিকার নিশ্চিত করার নীতিতে দৃড়ভাবে বিশ্বাস করে। এ অধিদপ্তর একদিকে যেমন কৃষি প্রযুক্তির বিস্তার ঘটায় অপর দিকে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নসহ আর্থিক কার্যক্রম পরিচালনা করে থাকে। এসকল তথ্যাদি সংশ্লিষ্টদের জানা থাকলে প্রযুক্তি হস্তান্তর সহজ হয়। সরকারী, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারী ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারী সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। তাই কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে এই বিভাগের কার্যক্রম সম্পর্কিত কতিপয় তথ্য যা প্রকাশ করলে এ বিভাগের উপর অর্পিত মূল দায়িত্ব পালনকে ক্ষতিগ্রস্ত করবে না সে সব জানার অধিকার সর্বস্তরের জনগণের রয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অবমুক্তকরণ নীতিমালা তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে প্রণীত হয়েছে।

**১.৩ নীতিমালার নামঃ তথ্য অবমুক্তিকরণ নীতিমালা, ২০১৪।**

**২. আইনগত ভিত্তি**

**২.১ অনুমোদনকারী কর্তৃপক্ষঃ সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

২.২ অনুমোদনের তারিখঃ **....................**।

২.৩ নীতি বাস্তবায়নের তারিখঃ **...............**।



**৩. সংজ্ঞা**

৩.১ তথ্য

তথ্য অর্থে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোক চিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইন্সট্রুমেন্ট যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যেকোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভূক্ত হবে।

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভূক্ত হবে না।

**৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রধান কার্যালয় কার্যালয়ে মনোনীত দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প কর্মকর্তাগণের নাম, পদবী ও ঠিকানা ঃ

| ক্র. নং | মনোনীত দায়িত্বপ্রাপ্ত / বিকল্প কর্মকর্তাগণের নাম | পদবী | টেলিফোন / মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|
| ১। | ড. মোহাম্মদ আব্দুহু | উপ পরিচালক (মনিটরিং) সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা | ০২-৮১২১২৭৬/ ০১৫৫২-৩৯১২২৯ | mohammadabduhu @yahoo.com |
| ২। | মো. মাহাবুবুল আলম | উপ পরিচালক (কো-অর্ডিনেশন) সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা | ০২-৯১৩২৩২৬/ ০১৯১৪-৯৬১৩২০ | mahbub_dae91 @yahoo.com |

আগষ্ট /২০১৫ তারিখে দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প কর্মকর্তাগণকে নতুন করে মনোনিত করা হয়েছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের আপিল কর্তৃপক্ষ হবেন মাননীয় সচিব কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে দপ্তরসমুহের প্রধানগণ নিজনিজ দপ্তরের তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ কওে তথ্য কমিশনকে অবহিত করবেন। প্রতিটি পর্যায়ের অব্যহিত উর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান তার অধস্তন কার্যালয়ের আপিল কর্তৃপক্ষ হবেন।

**৩.৩ তথ্য প্রদান ইউনিট**

অধিদপ্তরের প্রধান কার্যালয় থেকে উপজেলা স্তর পর্যন্ত প্রতিটি স্তরে অবস্থিত প্রত্যেকটি দপ্তর এক একটি তথ্য প্রদানকারী ইউনিট হিসেবে গণ্য হবে।



**৩.৪ আপিল কর্তৃপক্ষ**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সদর দপ্তরের ক্ষেত্রে সচিব, কৃষি মন্ত্রণালয়; আঞ্চলিক কার্যালয় সমূহের ক্ষেত্রে

মহাপরিচালক; জেলা পর্যায়ের কার্যালয় সমূহের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক এবং উপজেলা পর্যায়ের কার্যালয় সমূহের ক্ষেত্রে উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আপিল কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন।

**৩.৫ তৃতীয় পক্ষ**

তথ্য প্রাপ্তির জন্য অনুরোধকারী বা তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ ব্যতীত অনুরোধকৃত তথ্যের সাথে জড়িত অন্য কোন পক্ষ।

**৪. তথ্যের শ্রেণি বিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি**

৪.১ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ এবং এর তালিকা

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-১ এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোদিতভাবে সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত থাকবে। যদি চাহিদা অনুযায়ী কোন তথ্য সংস্থার ওয়েবসাইটে (www.dae.gov.bd) পাওয়া না যায় তাহলে তথ্য প্রত্যাশাকারী ব্যক্তি সংশ্লিষ্ট কার্যালয়ের তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে আবেদন করতে পারবেন।

**৪.২ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়**

কতিপয় তথ্য যা নাগরিকদের প্রদান করতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বাধ্য থাকবে না। এ তালিকাটিও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হবে। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এটি অনুমোদন করবেন। এ তালিকা ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/ বিয়োজন করা হবে।

নিম্নবর্ণিত তথ্য সমূহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কোন নাগরিককে প্রদান করতে বাধ্য থাকবে না ঃ

ক) বিদেশী রাষ্ট্র বা আন্তর্জাতিক কোন সংস্থার সাথে সম্পর্ক ক্ষুণ্ন হতে পারে এমন কোন তথ্য।

খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বৃদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপি রাইট বা বুদ্ধিবৃত্তির কোন তথ্য।

গ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে **এরূপ** কোন তথ্য।

ঘ) কোন তথ্য প্রকাশের ফলে অপরাধ বৃদ্ধি পেতে পারে এমন তথ্য।

ঙ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য।

চ) অনুসন্ধানাধীন বা তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ অনুসন্ধান বা তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য।

ছ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে এরূপ তথ্য।

জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এমন তথ্য।



ঝ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য।

ঞ) কোন ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত তথ্য।

ট) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য।

ঠ) প্রজাতন্ত্রের কোন কর্মকর্তা বা কর্মচারীর ব্যক্তিগত নথি, বেতন ভাতাদি, অন্যান্য সুযোগ-সুবিধা এবং বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা (কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত) এসব তথ্য।

ত) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য।

থ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য

দ) সার ও কীটনাশক বিশ্লেষণের ফলাফল

৪.৩ উপরোক্ত ৪.২ অনুচ্ছেদের অন্তর্ভূক্ত তথ্য ব্যতিরিকে স্বপ্রণোদিত তথ্যসহ অন্যান্য সকল তথ্য আবেদনের ভিত্তিতে প্রকাশযোগ্য হবে।

## ৫. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি

৫.১ অফিশিয়াল ওয়েব সাইটঃ www.dae.gov.bd

৫.২ তথ্যের হালনাগাদকরণ: প্রতি মাসে এবং প্রয়োজনে তাৎক্ষনিকভাবে কৃষি তথ্যাদি ওয়েবসাইটে হাল নাগাদ করা হবে।

৫.৩ অন্যান্য পদ্ধতি

ক) প্রতিবেদন, পোষ্টার, লিফলেট ইত্যাদি বিনামূল্যে বিতরণ, জাতীয় ও আন্তর্জাতিক দিবসে/ প্রয়োজনে জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি, ফিচার, ক্রোড়পত্র প্রকাশ

খ) কৃষক/ কৃষাণী ও অন্যান্য সংশ্লিষ্টদের আনুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে তথ্য প্রদান

গ) উদ্বুদ্ধকরণ ভ্রমণ, মাঠ দিবস, কৃষি প্রযুক্তি মেলা, দলীয় আলোচনা, কৃষক তথ্য ও পরামর্শ কেন্দ্রে (ফিয়াক) কৃষক পরামর্শ ইত্যাদির মাধ্যমে অনানুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে তথ্য প্রদান

## ৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ২ জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়া হয়েছে। তদ্রুপ আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়েও দায়িত্বপ্রাপ্ত ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনয়নসহ আপিল কর্তৃপক্ষ নির্ধারণ করা হবে।

## ৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি

আবেদনকারীর আবেদন গ্রহণ করবেন এবং তথ্যের আবেদন বাছাই, প্রদানযোগ্য তথ্য হলে এবং তা সেকশন-৭ এর আওতায় বাধ্যতামূলক নয় বিবেচিত না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্যের মূল্য আদায়ক্রমে তথ্য প্রদান করবেন। তথ্যের মূল্য নেয়া হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে মানি রিসিট প্রদান করবেন। প্রয়োজনে এ দপ্তরের অন্যান্য যে কোন কর্মকর্তা/ কর্মচারীর সহায়তা নেবেন যা তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী সহায়তা প্রদানে আইনি বাধ্যবাধকতা রয়েছে। একটি পৃথক ইস্যু রেজিষ্টার খুলবেন।



## ৮. বিকল্প তথ্য কর্মকর্তার কর্মপরিধি

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে বিকল্প তথ্য কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাজ করবেন। প্রয়োজনে এ দপ্তরের অন্যান্য যে কোন কর্মকর্তা/কর্মচারীর সহায়তা নেবেন যা তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী সহায়তা প্রদানে আইনি বাধ্যবাধকতা রয়েছে।

**৯.তথ্য প্রদান পদ্ধতি**

তথ্য চাহিদাকারীর চাহিদা অনুযায়ী পদ্ধতিতে। তবে এর লিখিতরূপ অথবা অডিও রের্কড হবে বাংলা ভাষায়।

**১০. তথ্য প্রদানের সময়সীমা**

সর্ব্বোচ ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান করা হবে। তবে যাচিত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদানকারী ইউনিট জড়িত থাকলে অনাধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান করতে হবে। কোন কারণে তথ্য প্রদানে অপরাগ হলে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে অবহিত করবেন।

**১১. তথ্যের মূল্য ও পরিশোধের নিয়মাবলী**

ছাপানো তথ্যের জন্য নির্ধারিত যে মূল্য রয়েছে তা পরিশোধ করতে হবে। লিখিত ডকুমেন্টস এ ৪-সাইজের কাগজের জন্য প্রতি পৃষ্ঠার মূল্য ২ (দুই) টাকা এবং তদুর্দ্ধ কাগজের জন্য প্রকৃত মূল্য। সিডি ডিভিডি কপির ক্ষেত্রে আবেদনকারী ডিভিডি সরবরাহ করলে প্যানেল থেকে ডাউনলোডের অথবা কপিকরণের প্রকৃত মূল্য। তথ্য সরবরাহকারী ডিভিডি সরবরাহ করলে ডিভিডির মূল্য সহ প্যানেল থেকে ডাউন লোডের অথবা কপিকরণের প্রকৃত মূল্য। তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ **১-৩৩০১-০০০১-১৮০৭** কোড নম্বরে জমা দিতে হবে। মূল্য বাবদ পরিশোধযোগ্য অর্থের পরিমাণ নিতান্ত কম হলে সরকারী রেভিনিউ স্ট্যাম্পের মাধ্যমে জমা দেয়া যাবে।

**১২. আপিল কর্তৃপক্ষ ও আপিল পদ্ধতি**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর এর ক্ষেত্রে আপিল কর্তৃপক্ষ, সচিব, কৃষি মন্ত্রণালয় এবং আঞ্চলিক কার্যালয়সমূহের ক্ষেত্রে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আপিল কর্তৃপক্ষ। তদ্রুপ, জেলা কার্যালয়সমূহের ক্ষেত্রে আঞ্চলিক পর্যায়ের অতিরিক্ত পরিচালক, উপজেলা কার্যালয়ের ক্ষেত্রে উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আপিল কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন।

যদি কোন ব্যক্তি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তে সংক্ষুদ্ধ হন তা হলে তিনি উক্ত সময়সীমা পার হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ ( ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন। আপিলের আবেদনের সময়ে আপিলের কারণ উল্লেখ করে সাদা কাগজে অথবা ফরম “গ” ( সংযুক্ত) অনুযায়ী আপিল করা যাবে। আপিল কর্তৃপক্ষ **১৫** (পনেরো) কার্য দিবসের মধ্যে আপিল নিষ্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপিল সমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪, ২৮ ও ২৯ ধারা অনুযায়ী বিবেচনা করা হবে। আপিল কর্তৃপক্ষের রায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চূড়ান্ত রায় বলে বিবেচিত হবে। এ ব্যাপারে তথ্য চাহিদাকারী সংক্ষুদ্ধ হলে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবেন।



**১৩. তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান**

যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপরাগতা প্রকাশ অসদাচরণ বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে চাকুরী বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৪. তথ্যাদি প্রদর্শনের সুযোগ**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর, আঞ্চলিক, জেলা ও উপজেলা কার্যালয়ে সিটিজেন চার্টার লাগানো। সার্বক্ষনিক ওয়েবসাইটে www.dae.gov.bd তথ্য সেবা প্রাপ্তির সুয়োগ।

## ১৫. জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস রিলিজ

দৈনিক পত্রিকা, বাংলাদেশ বেতার, বিটিভি সহ জনপ্রিয় টিভি চ্যানেলে বিজ্ঞপ্তি প্রকাশ ও সম্প্রচার করা হবে।

সংযুক্তি-১

ফরম "ক"

## তথ্য প্রাপ্তির আবেদনপত্র

[তথ্য অধিকার ( তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি ৩ দ্রষ্টব্য]

বরাবর

..................................

.................................. ( নাম ও পদবী)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,

.................................( দপ্তরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম ঃ................................................

পিতার নাম ঃ................................................

মাতার নাম ঃ................................................

বর্তমান ঠিকানা ঃ................................................

স্থায়ী ঠিকানা ঃ................................................

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর ( যদি থাকে) ঃ................................................

২। কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) ঃ................................................

৩। কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী (ছাপানো/ফটোকপি) ঃ................................................

লিখিত/ই-মেইল/ফ্যাক্স/ সিডি অথবা অন্য কোন পদ্ধতি

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা ঃ................................................

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা ঃ................................................

আবেদনের তারিখঃ ......................... আবেদনকারীর স্বাক্ষর

- তথ্য অধিকার ( তথ্য প্রাপ্তি সংক্রান্ত ) বিধিমালা, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

সংযুক্তি-২

ফরম “খ”

**তথ্য সরবরাহের অপরাগতার নোটিশ**

[ বিধি ৫ দ্রষ্টব্য]

আবেদনপত্রের সূত্র নম্বর ঃ .................................... তারিখ ঃ .......................

প্রতি

আবেদনকারীর নাম ঃ ...........................................

ঠিকানা ঃ ..........................................................

বিষয় ঃ তথ্য সরবরাহে অপরাগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার ..................... তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হলো না, যথা ঃ-

১। ....................................................................................................................................

২। ....................................................................................................................................

৩। ....................................................................................................................................

(....................................)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম

পদবী

দাপ্তরিক সীল

সংযুক্তি-৩

ফরম “গ”

## আপীল আবেদন

[তথ্য অধিকার ( তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি ৬ দ্রষ্টব্য]

বরাবর

..........................................
.......................................... ( নাম ও পদবী)
ও
আপিল কর্তৃপক্ষ,
................................ (দপ্তরের নাম ও ঠিকানা)

| | |
|---|---|
| ১। আপিলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) | ঃ...................................................... |
| ২। আপিলের তারিখ | ঃ...................................................... |
| ৩। যে আদেশের বিরুদ্ধে আপিল করা হয়েছে উহার কপি ( যদি থাকে) | ঃ...................................................... |
| ৪। যাহার আদেশের বিরুদ্ধে আপিল করা হয়েছে তাহার নামসহ আদেশের বিবরণ ( যদি থাকে) | ঃ...................................................... |
| ৫। আপিলের সংক্ষিপ্ত বিবরণ | ঃ...................................................... |
| ৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) | ঃ...................................................... |
| ৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ ভিত্তি | ঃ...................................................... |
| ৮। আপিলকারী কর্তৃক প্রত্যয়ন | ঃ...................................................... |
| ৯। অন্য কোন তথ্য যাহা আপিল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপিলকারী ইচ্ছা পোষণ করেন | ঃ...................................................... |

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ ঃ .......................

সংযুক্তি-৪

ফরম “ঘ”

[বিধি ৮ দ্রষ্টব্য]

**তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি**

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নে প্রদত্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হবে, যথা ঃ-

**টেবিল**

| ক্র.নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/ তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য ( ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের কাগজের জন্য প্রকৃত মূল্য। |
| ২। | ডিস্ক, সিডি, ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে।<br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য। |
| ৩। | কোন আইন বা সরকারী বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য। |

## পরিশিষ্ট-১: স্বপ্রণোদিত তথ্য এর তালিকা

* ডিএই এর সাংগঠনিক কাঠামো, মিশন, ভিশন, উদ্দেশ্য ও কার্যাবলী

* ডিএই এর কর্মকর্তাদের দায়িত্ব ও কার্যাবলী

* কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সিটিজেন চার্টার

* কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক অনুসরিত আইন, বিধি, প্রবিধি, ম্যানুয়েল ও গুরুত্বপূর্ণ সারকুলার

* কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সকল পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম, পদবীসহ অন্যান্য কায্যাদি।

* শুন্যপদে নিয়োগের নিমিত্ত কৃষি মন্ত্রণালয় হতে ছাড়পত্রের ভিত্তিতে জাতীয় দৈনিক পত্রিকা, ওয়েবসাইট (www.dae.gov.bd) ও উন্মুক্ত নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জনবল নিয়োগ সংক্রান্ত তথ্য,

* বিভিন্ন প্রকল্পের টেন্ডার সার্কুলার

* কৃষি উৎপাদন সংশ্লিষ্ট পরিসংখ্যানগত সকল তথ্য

* ফসল উৎপাদন প্রযুক্তি ঃ দানা ডাল ও তেল জাতীয় ফসল, শাক-সবজি ও কন্দাল , ফল-ফুল ও অর্থকরী ফসল

* নিবিড় ফসল উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন বিষয়ক তথ্যাবলী

* কৃষি সম্প্রসারণ বিষয়ক বিভিন্ন প্রকাশনা/পোষ্টার/লিফলেট/পুস্তিকা /নিবন্ধন আবেদনপত্র ইত্যাদি

* কৃষি প্রযুক্তি ঃ লীফ কালার চার্ট, এডাব্লিউডি, ভাসমান সবজি, গ্রীস্মকালিন পেয়াজ উৎপাদন

* রাসায়নিক ও জৈব সার সুষম মাত্রায় ব্যবহারের উপকারিতা বিষয়ক তথ্যাবলী

* ভেজাল ও নিম্নমানের সার ব্যবহারের অপকারিতা বিষয়ক তথ্যাবলী

* সরকার বিনির্দেশিত সার ও সারজাতীয় পণ্যের নাম ও পুষ্টি উপাদান

* সার ও সার জাতীয় পণ্যের নিবন্ধিত আমদানীকারী/ উৎপাদনকারী/ সরবরাহকারী, ডিলার ও খুচরা বিক্রেতা এর নামের তালিকা

* বালাইনাশকের ক্ষতিকর প্রভাবসমূহ, উপকারী ও ক্ষতিকারক কীটপতঙ্গের নাম

* বালাইনাশক সংক্রান্ত তালিকা ঃ পাবলিক হেলথ বালাইনাশক, কৃষি বালাইনাশক, বাতিলকৃত কৃষি বালাইনাশক,আইপি এবং পিসির কাগজপত্র

* বালাইনাশক কারখানা স্থাপনের জন্য প্রয়োজনীয় পূর্বশর্ত, সকল ধরনের আবেদন প্রাপ্তি/জমা দেয়ার স্থান

* ফল, ফলের চারা/কলম, শীতকালীন ও গ্রীষ্মকালীন সবজি, মসলা ও ফুলের চারা/কলম ও সবজি বীজ উৎপাদন  লক্ষ্যমাত্রা নির্ধারণ, অর্জন ও বিতরণ সংক্রান্ত তথ্যাদি

* উদ্যান ফসলের বালাই দমন ব্যবস্থাপনা বিষয়ক তথ্যাবলী

* উদ্যান  ফসল/চারা/কলম এর মূল্য তালিকা  ও প্রাপ্তি স্থান

* কৃষক প্রশিক্ষণের বিষয়ভিত্তিক কর্মপরিকল্পনা ও কৃষক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি

* কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কর্মকান্ডের তথ্যাদি, চলমান প্রজেক্ট/কর্মসূচি ও এর আর্থ-সামাজিক প্রভাব সংক্রান্ত তথ্যাদি

* বেতার কথিকার মাধ্যমে বিভিন্ন ফসল উৎপাদন কলাকৌশল ও সংরক্ষণ সংক্রান্ত তথ্যাবলী।

* সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় কৃষি পুনর্বাসন/ প্রণোদনা কর্মসূচি বিষয়ক তথ্যাবলী

* প্রাকৃতিক দুর্যোগসহ বিভিন্ন কৃষি বিষয়ক সমস্যা মোকাবেলায় করণীয় বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা